

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় দেশে ইসলামী উচ্চশিক্ষার দ্বার প্রসারিত করবে

শিক্ষামন্ত্রী

নিম্নে বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী মুহাম্মদ ইসলাম নাইন বলেছেন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন পাস করে এদেশে ইসলামি উচ্চ শিক্ষার প্রসারিত হার উন্নয়ন করেছে। দেশের সর্বস্তরের আলিম-ওলামা-মাশায়খরা সরকারের এ উদ্যোগকে যাগত জানিয়েছে। তিনি গতকাল মহাশয়ীহ্ মসজিদে গাউসুল আজম কমপ্লেক্সে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন পাস হওয়ার জমিয়ারুল মোদাররেছীন স্মারোক্তিতে জামায়াতের নেতৃবৃন্দকে প্রাথমিক শিক্ষার বক্তৃতায় এতদ্বারা বলেন। জমিয়ারুল মোদাররেছীনের সভাপতি ও দৈনিক ইনকিলাবের সম্পাদক এএমএম বাহাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে জমিয়ারুল মোদাররেছীনের মহানগর মাওলানা শাকির আহমেদ মোমতাজসহ ব্যাতনামা আলিম-ওলামাগণ বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী বলেন, সুদীর্ঘ ৯২ বছর পূর্বে এদেশের বিশিষ্ট আলিম-ওলামাগণ এই ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের দাবি তুলেছিলেন। তারপর থেকে অবিরত এ দাবি চলেছে। ইরেক, মোফল, পাকিস্তান সরকার দিয়েছে, বাংলাদেশের অনেক সরকার গেলেও তার ব্যর্থতায় ঘটেছিল। এবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার এই প্রথমবারের মতো দেশে একটি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন পাস করলো। তিনি অত্যন্ত আনন্দ ও উল্লাসের মধ্যে এ আইন পাস করার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জাতীয় সংসদের সকল সদস্যকে ধন্যবাদ জানান।

মন্ত্রী বলেন, এদেশে ইসলামের ধর্মপ্রাণী অনেক বলে থাকেন আওয়ামী লীগ সরকার আসলে দেশে ইসলাম থাকবে না- বাস্তবে তার বিপরীতটাই ঘটে। বরং আওয়ামী লীগ সরকার আসলে ইসলামের উন্নয়ন ঘটে। ইসলামি শিক্ষার প্রসার ঘটে। বর্তমান সরকার প্রণীত শিক্ষানীতিতে ইসলামি শিক্ষা উন্নয়নে নানা উদ্যোগের কথা বলা হয়েছে। মাদ্রাসারই সকল শিক্ষার্থীকে বই দেয়া হচ্ছে। সাধারণ শিক্ষার শিক্ষকদের সঙ্গে মাদ্রাসা শিক্ষকদের বেতন ও মর্গানা সমান করা হয়েছে। ১০০০ মাদ্রাসা ভবন নির্মাণ করা হচ্ছে, ৩৫টি মডেল মাদ্রাসা করা হয়েছে, ৩১টি সিনিয়র মাদ্রাসার অনার্স কোর্স চালু করা হয়েছে। ১০০টি মাদ্রাসার জোকেশনাল কোর্স চালু করা হয়েছে।

জমিয়ারুল মোদাররেছীনের আলিম-ওলামাগণকে আগামী ২৬ সেপ্টেম্বর বুধসপ্তিমবার দেশে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে জাতীয় সংসদে আইন পাস হওয়ার সকাল ১১টায় দেশের সকল মহানগর, ঘেলা, উপজেলায় জনসম্মিলন করার আহ্বান জানিয়েছে।